



প্রতিশ্রুতি থেকে সরে সরকার উল্টো পথে হাঁটছে: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

দেশবাসীকে দেওয়া প্রতিশ্রুতি থেকে সরে গিয়ে সরকার উল্টো পথে হাঁটছে বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। স্থানীয় সরকার নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার কেড়ে নেওয়ার চেষ্টা চলছে বলেও অভিযোগ করেন তিনি।

বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সেমিনারে তিনি এসব কথা বলেন।

ডা. শফিকুর রহমান বলেন, প্রবাসীদের শুধু ‘রেমিট্যান্স যোদ্ধা’ বললেই দায়িত্ব শেষ হয় না। তাদের অধিকার নিশ্চিত করাও সরকারের দায়িত্ব। মালয়েশিয়ার শ্রমবাজারে চতুর্থবারের মতো অচলাবস্থা যাতে তৈরি না হয় সে জন্য শ্রমবাজারের সিভিকিট ভাঙার প্রয়োজন বলেও মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, বিরোধী দল ক্ষমতার নয় বরং জনগণের বিজয় চায়। সংসদে এবং সংসদের বাইরে অন্যায় ও জনস্বার্থবিরোধী কোনো আইন হলে তার বিরুদ্ধে ‘চোখে চোখ রেখে’ কথা বলবে জামায়াত।

স্থানীয় সরকার নির্বাচনে প্রবাসীদের ভোটাধিকার বন্ধের কোনো উদ্যোগ মেনে নেওয়া হবে না জানিয়ে জামায়াত আমির বলেন, স্থানীয় সরকার নির্বাচনে প্রবাসীদের ভোট বন্ধ করা হলে তা মেনে নেওয়া হবে না। এটি প্রবাসীদের প্রতি জুলুম হবে।

ডিজিটাল সিকিউরিটি আইন প্রসঙ্গে তিনি বলেন, জনগণের মুখ বন্ধ করার জন্য কোনো আইন করা হলে তা মেনে নেওয়া হবে না।